দৈনিক জনকণ্ঠ

তারিখ 27 MAY 1995
পৃষ্ঠা ১০ কলাম ২

93

### পরীক্ষা গ্রহণে দীর্ঘসূত্রতা

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনেক অনার্স পরীক্ষার্থী বিসিএস পরীক্ষায় অংশ নিতে পারছে না

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ পরীক্ষা গ্রহণে দীর্ঘ সময় নেয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের অনার্স পরীক্ষার্থীদের একটি বিরাট অংশ বিসিএস পরীক্ষায় অংশ নিতে পারছে না। এ নিয়ে অনার্স পরীক্ষায় অবতীর্ণ ছাত্রদের মধ্যে ক্ষোভ দেখা দিয়েছে।

বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের শর্ত হিসাবে বলা হয়েছে, যাদের ৫ জুনের মধ্যে অনার্সের লিখিত ও মৌখিক পরীক্ষা শেষ হবে তারা পরীক্ষায় অংশ নিতে পারবে, তবে এ বিষয়ে স্ব-স্ব বিভাগ থেকে প্রমাণপত্র নিতে হবে। কিন্তু এ বছরের ১৪ জানুয়ারি অনার্স পরীক্ষা শুরু হলেও বিভিন্ন বিভাগের পরীক্ষা এখনও শেষ হয়নি।

হরতাল অবরোধের কারণে বারবার পরীক্ষার পূর্ব নির্ধারিত তারিখ পরিবর্তন করায় সিডিউল অনুযায়ী পরীক্ষা নেয়া যায়নি। সিডিউল অনুযায়ী মে মাসের নয় তারিখ পরীক্ষা শেষ হওয়ার কথা ছিল। এদিকে সরকারী ছুটির কারণে আগামী ২৭ মে অনুষ্ঠিতব্য পরীক্ষাসমূহ স্থগিত ঘোষণা করা হয়েছে। এ অবস্থায় পাঁচ জুনের মধ্যে পরীক্ষা শেষ হওয়ার বিষয়টি সম্পূর্ণ অনিশ্চিত হয়ে গেছে। ফলে বিসিএস পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু অনেক ছাত্র বঞ্চিত হলো। এ অবস্থায় বিসিএস ফরম ফিলাপের তারিখ বাড়ানোর জন্য অনার্স পরীক্ষার্থীরা পিএসসি-র চেয়ারম্যানের প্রতি জোর দাবি জানিয়েছে।